মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১৮৪ তারিখ: ২৯-০৩-২০১৮খ্রি.

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রসঙ্গে

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে অবগত করা যাচ্ছে যে, নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত তথ্য নিম্নে প্রদত্ত সময় ও বিষয় অনুযায়ী আপলোড করতে হবে-

১। নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস ১৩ নম্বর ক্রমিকে উল্লিখিত সময়ে জমা দিতে হবে। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার তথ্য ONLINE এর মেন্যুতে বর্ণিত নিয়ম অনুযায়ী দাখিল করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার জমাদানকারীর অংশ সংরক্ষণ করতে হবে

২। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করতে হবে এবং কমিটি আপলোডকৃত ছাত্র/ছাত্রীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষরসহ প্রধান শিক্ষকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। যে কোন প্রকার ত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন

৩। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ INTERNET সংযোগ নেই তাদেরকে নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোন ক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠান থেকে নিবন্ধন করা যাবে না

৪। শিক্ষার্থীদের তথ্য আপলোডকৃত হার্ডকপি (PRINT COPY)এর সাথে পরবর্তীতে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশোধন করতে হবে। প্রয়োজনে সংরক্ষণের জন্য প্রধান শিক্ষকের স্বাক্ষরিত নিবন্ধনের তথ্য কপি (PRINT COPY) বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে

৫। ১ মার্চ ২০১৮ খ্রিঃ তারিখে ৯ম শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য নিবন্ধনের জন্য প্রদান করতে হবে। নিবন্ধনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশত কোন শিক্ষার্থী নিবন্ধন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন

৬। জেলা/উপজেলা বয়েজ স্কাউট/গার্লস গাইড ফিস বকেয়াসহ (যদি থাকে) পরিশোধ করে রশিদ দাখিল করতে হবে

৭। শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোন ক্রমেই আদায় করা যাবে না

৮। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত কোন কর্মকর্তা-কর্মচারী বদলিজনিত কারণে তাঁর পোষ্যকে বোর্ড পরিবর্তন করে বিদ্যালয় পরিবর্তন করতে চাইলে বদলি আদেশের ০৩ (তিন) মাসের মধ্যে বদলিকৃত স্থানের বিদ্যালয়ে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করতে পারবেন। সেক্ষেত্রে বোর্ডের কোন পূর্বানুমতি বা ফিস লাগবে না। যশোর বোর্ডের অধীনে এক বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে পূর্বানুমতি বা ফিস লাগবে না, কেবলমাত্র বদলি আদেশের ভিত্তিতে পাঠরত বিদ্যালয়কে ছাড়পত্র প্রদান করতে হবে। ভর্তি গ্রহণকারী বিদ্যালয় ছাড়পত্র, বদলি আদেশ ও যোগদান পত্রের ভিত্তিতে ভর্তি করবেন এবং ভর্তি গ্রহণকারী বিদ্যালয়ের প্রধান শিক্ষক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত ভর্তি অনুমোদনের জন্য বোর্ডে আবেদন করবেন। উক্ত আবেদনের সংগে ছাড়পত্র, বদলি আদেশ ও যোগদান পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। ৩০ (ত্রিশ) দিন অতিক্রান্ত হলে ফিসবাবদ নির্ধারিত ৮০০/- (আটশত) টাকা সোনালী সেবার মাধ্যমে (সচিবের অনুকূলে) দাখিল করতে হবে

৯। অন্য বোর্ড হতে আগত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্বতন বোর্ডের নিবন্ধন রশিদ (প্রাপ্তির পর) বোর্ডে জমা দিতে হবে। ছাত্র/ছাত্রীর বিভাগ ও বিষয় ভর্তিচ্ছু বিদ্যালয়ে পড়াবার জন্য বোর্ডের অনুমতি থাকলেই ভর্তি করা যাবে। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত ভিন্ন অন্য কোন ব্যক্তি তার পোষ্যকে যুক্তি সংগত কারণ থাকলে ৮০০/- (আটশত) টাকা ফিস প্রদানপূর্বক বোর্ডের আওতাধীন যেকোন বিদ্যালয়ে ভর্তির জন্য অনলাইনে ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রাপ্তির আবেদন করতে পারবেন। ছাড়পত্রের (ইটিসি) অনুমতির জন্য অনলাইনে আবেদনের সময়সীমা ৯ম শ্রেণির জন্য ১ মার্চ হতে ৩১ অক্টোবর ২০১৮ পর্যন্ত এবং ১০ম শ্রেণির জন্য ১ মার্চ হতে ৩০শে আগষ্ট পর্যন্ত। কোন অবস্থাতেই উল্লিখিত সময়ের পর ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রদান করা হবে না। উল্লিখিত সময়ের পর সকল প্রধান শিক্ষককে কোন অবস্থাতেই ছাড়পত্রের আবেদনে সুপারিশ/স্বাক্ষর না করার জন্য বলা হল

১০। নিবন্ধনের সময় লক্ষ্য রাখতে হবে যে, কোন শিক্ষার্থীর বয়স পরীক্ষাবর্ষে ১ জানুয়ারিতে অবশ্যই ন্যূনতম ১৪ বছর ০১ (এক) দিন হতে হবে এবং ২০ বছরের উর্ধ্বে হতে পারবে না

১১। বিদ্যালয়ে চতুর্থ বিষয়সমূহের ও বিজ্ঞান/বাণিজ্য বিভাগের স্থায়ী অনুমতি না থাকলে প্রতি বিষয়ের জন্য ২০০০/- (দুই হাজার) ও প্রতি বিভাগের জন্য ৩০০০/- (তিন হাজার) টাকা বিশেষ অনুমতি ফিস সোনালী সেবার মাধ্যম সচিবের অনুকূলে জমা দিতে হবে। উল্লেখ্য উক্ত বিষয় ও বিভাগসমূহ পাঠদানের জন্য উপযুক্ত শিক্ষক, শিক্ষা সরঞ্জাম ও অবকাঠামো থাকতে হবে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিশেষ অনুমতির আবেদনপূর্বক বোর্ডের অনুমতি গ্রহণ করবেন, অন্যথায় ঐ সকল বিভাগ/বিষয়ের শিক্ষার্থীদের তথ্য ONLINE এ প্রেরণ করা যাবে না

১২। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত মোবাইল নম্বরগুলো হতে সহায়তা পাওয়া যাবে
মোবাইল নম্বরঃ ০১৭১৬-৮৭৪৭৩৯, ০১৭১৬-৮৬৬৪২৩,০১৭১৬-৪৬২৬৩৭,০১৭১১-১৯১৮১২

১৩। ক) ৯ম শ্রেণির শিক্ষার্থীদের ফিসের হার (শিক্ষার্থী প্রতি)

| ক্রমিক | ফিসের প্রকার | টাকা (শিক্ষার্থী প্রতি) |
|---|---|---|
| ০১। | নিবন্ধন ফিস | ১০০/- |
| ০২। | ক্রীড়া ফিস | ৩০/- |
| ০৩। | বয়েজ স্কাউট/গার্লস গাইড ফিস | ১৫/- |
| ০৪। | বিজ্ঞান ও প্রযুক্তি | ১০/- |
| ০৫। | রেড ক্রিসেন্ট ফিস | ২০/- |
| ০৬। | বি এন সি সি | ০৫/- |

শিক্ষার্থী প্রতি মোট ফিস (বিলম্ব ফিস ব্যতীত): ১৮০/- (এক শত আশি টাকা) হতে রেড ক্রিসেন্ট ফিস ২০/- টাকার ৬০%= ১২/- টাকা বাদ = ১৬৮/- টাকা

খ) শিক্ষার্থী প্রতি বিলম্ব নিবন্ধন ফিস ৫০/- (পঞ্চাশ) টাকা

গ) শিক্ষার্থী প্রতি রেড ক্রিসেন্ট ফিস ২০/- টাকা হারে আদায় করে আদায়কৃত অর্থের ৬০% সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০% শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে

ঘ) অন্যান্য ফিসের হার (প্রতিষ্ঠান প্রতি)

| ক্রমিক | ফিসের প্রকার | টাকা (প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|
| ০১। | পাঠ্যসূচি ও মান বণ্টন ফিস | ৫১/- |
| ০২। | বার্ষিক ক্রীড়া অধিভুক্তি ফিস | ৩০০/- |
| ০৩। | বার্ষিক বয়েজ স্কাউট/গার্লস গাইড অধিভুক্তি ফিস | ২০/- |

বিদ্যালয় প্রতি মোট ফিস : ৩৭১/- (তিন শত একাত্তর টাকা)

১৪। জমা দানের সময়সূচি

| বিবরণ | তারিখ |
|---|---|
| বিলম্ব ফিস ব্যতীত নিবন্ধন জমা দেওয়ার শেষ তারিখ | ০১-০৪-২০১৮ থেকে ৩০-০৪-২০১৮ |
| বিলম্ব ফিস ব্যতীত সোনালী সেবার টাকা জমা দেওয়ার শেষ তারিখ | ০১-০৪-২০১৮ থেকে ৩০-০৪-২০১৮ |
| বিলম্ব ফিস সহ নিবন্ধন জমা দেওয়ার শেষ তারিখ | ০১-০৫-২০১৮ থেকে ১৫-০৫-২০১৮ |
| বিলম্ব ফিস সহ সোনালী সেবার টাকা জমা দেওয়ার শেষ তারিখ | ০১-০৫-২০১৮ থেকে ১৫-০৫-২০১৮ |

১৫। যশোর শিক্ষা বোর্ডের অধীনে অধ্যয়নরত ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানে বদলি (TC) নিতে হলে ONLINE এ STUDENT MANAGEMENT এর সহায়তায় প্রতিষ্ঠানের মাধ্যমে ONLINE এ আবেদন করতে হবে। ONLINE এ বদলি (ECT) এর বিষয়ে TC ম্যানুয়াল দেখুন

২৭.৩.১৮

(গাজী মনিবুর রহমান )
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
মোবাইল নং-০১৭৩৩২২২০০৫
তারিখ: ২৯-০৩-২০১৮ খ্রি

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১৮৪

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো-

১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
২। উপ- পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা , খুলনা অঞ্চল, খুলনা
৩। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
৪। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)
৭। সংরক্ষণ নথি

২৭.৩.১৮

(গাজী মনিবুর রহমান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর